যুগান্তর

তারিখ . . 19 OCT 2015 . . .
পৃষ্ঠা . . ১৪ . . কলাম . . . ৪ . . . . .

# ইসলামী বিশ্ববিদ্যালয় ভিসিকে ছাত্রলীগের একাংশের হুমকি

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারকে দেখে নেয়ার হুমকি দিয়েছে ছাত্রলীগের একাংশের নেতাকর্মীরা। রোববার বেলা ১১টার দিকে ভিসির কার্যালয়ে গিয়ে তাকে এমন হুমকি দেয় তারা। এ সময় ভিসি অফিসে চিৎকার-চেঁচামেচির শব্দ শোনা যায়। প্রত্যক্ষদর্শী ও ভিসি অফিস সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি প্রফেসর ড. শাহিনুর রহমানসহ তিন কর্তাব্যক্তিকে নিয়ে একটি জাতীয় দৈনিকে 'ইবি কর্তাব্যক্তিদের লুটপাট, প্রোভিসির বাড়ি নির্মাণে নেয়া হয়েছে তিন লাখ টাকা' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। এরই প্রতিবাদে রোববার প্রোভিসি প্রফেসর ড. শাহিনুর রহমানের পক্ষ নিয়ে ইংরেজি বিভাগের শিক্ষার্থী ও ছাত্রলীগের একাংশের নেতাকর্মীরা মানববন্ধনে অংশ নেয়। মানববন্ধন শেষে ছাত্রলীগের সহসভাপতি মিজানুর রহমান মিজু ও ইমদাদুল হক সোহাগের নেতৃত্বে নেতাকর্মীরা ভিসি অফিসে যান। এ সময় তারা হিসাব শাখার পরিচালক আকাম উদ্দিনকে অপসারণ করার জন্য চিৎকার-চেঁচামেচি শুরু করেন। তাকে অপসারণ না করলে ভিসিকে দেখে নেয়ার হুমকি দেন তারা।